

RBI/2017-18/105

DPSS.CO.PD No.1633/02.14.003/2017-18

ডিসেম্বর 06, 2017

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক / মুখ্য কার্যনির্বাহী আধিকারিক  
আঞ্চলিক গ্রামীণ ব্যাংক সহ সমস্ত বাণিজ্যিক ব্যাংক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাংকসমূহ / রাজ্য সমবায় ব্যাংকসমূহ /  
জেলাভিত্তিক কেন্দ্রীয় সমবায় ব্যাংকসমূহ / পেমেন্ট ব্যাংক এবং ক্ষুদ্র আর্থিক ব্যাংক সমূহ /  
সমস্ত নেটওয়ার্ক ভিত্তিক কার্ড পরিষেবার পরিবেশকেরা

মহাশয়া/ প্রিয় মহাশয়,

ডেবিট কার্ড লেনদেনে বাণিজ্যিক ছাড়ের হার (এম ডি আর) -এর যুক্তি সঙ্গত পুনর্গঠন

অনুগ্রহ করে, 2017-18 সালের ভারতীয় রিজার্ভ ব্যাংকের পঞ্চম দ্বি-মাসিক মুদ্রা নীতি বিবৃতির মাধ্যমে ঘোষিত, ডেবিট কার্ড লেনদেনে বাণিজ্যিক ছাড়ের হার (এম ডি আর) -এর পরবর্তীত পরিকাঠামো বিষয়ে উন্নয়নমূলক এবং নিয়ন্ত্রণমূলক নীতি বিষয়ক বিবৃতি- এর অনুচ্ছেদ 1 দেখুন।

2. রিজার্ভ ব্যাংক ডেবিট কার্ড লেনদেনে এম ডি আর-এর সর্বোচ্চ সীমার নির্ধারণ করেছে সার্কুলার DPSS.CO.PD.No.2361/02.14.003/2011-12 dated June 28, 2012, -এর মাধ্যমে যা সার্কুলার DPSS.CO.PD.No.1515/02.14.003/2016-17 dated December 16, 2016 -এর মাধ্যমে পরিশোধিত হয়েছে।

3. ডেবিট কার্ড লেনদেনে বাণিজ্যিক ছাড়ের হার (এম ডি আর) -এর যুক্তি সঙ্গত পুনর্গঠন -এর উপর খসড়া সার্কুলারের বিষয়ে সম্বন্ধিত পক্ষগুলির আলোচনার ভিত্তিতে তৎসহ অধিকতর সংখ্যায় বাণিজ্য সংস্থাগুলির, বিশেষত: ছোট সংস্থাগুলির, দ্বারা ডেবিট কার্ডের গ্রহণযোগ্যতা বৃদ্ধি এবং সংযুক্ত সংস্থাগুলির ব্যবসায়িক উন্নতি নিশ্চিত করা এই দ্বৈত লক্ষ্য বিবেচনাতে রেখে ডেবিট কার্ড লেনদেনে বাণিজ্যিক ছাড়ের হার (এম ডি আর) নিম্নলিখিত নির্ণায়ক বিষয়ের ভিত্তিতে স্থির করা হয়েছে:

- a. বাণিজ্যিক কেনাবেচার ভিত্তিতে বাণিজ্য সংস্থাগুলির শ্রেণীবিভাগ।
- b. QR- কোড ভিত্তিক লেনদেনের জন্য পৃথক এম ডি আর।
- c. 'কার্ড প্রদান' এবং 'কার্ড প্রদান নয়' উভয় প্রকার লেনদেনের জন্য সম্ভাব্য সর্বোচ্চ এম ডি আর সীমা নির্দেশ করা।

4. অনুরূপভাবে, ডেবিট কার্ড লেনদেনের ক্ষেত্রে সর্বোচ্চ এম ডি আর সীমা নীচে দেওয়া হল:

ক্র. নং.	বাণিজ্য শ্রেণী	ডেবিট কার্ড লেনদেনে বাণিজ্যিক ছাড়ের হার (এম ডি আর) (লেনদেন মূল্যের শতকরা হারে)	
		অনলাইন কার্ড লেনদেনসহ পয়েন্ট অফ সেলের অবস্থানগত পরিকাঠামো	QR কোড ভিত্তিক কার্ড গ্রহণ করার পরিকাঠামো
1.	ছোট ব্যবসায়ী (যাদের গত বছরের বেচা কেনার আর্থিক মূল্য ₹ 20 লক্ষ টাকা পর্যন্ত)	0.40%-এর বেশী নয় (লেনদেন পিছু এম ডি আর সীমা ₹ 200)	0.30%-এর বেশী নয় (লেনদেন পিছু এম ডি আর সীমা ₹ 200)
2.	অন্য ব্যবসায়ী (যাদের গত বছরের বেচা কেনার আর্থিক মূল্য ₹ 20 লক্ষ টাকার থেকে বেশী)	0.90%-এর বেশী নয় (লেনদেন পিছু এম ডি আর সীমা ₹ 1000)	0.80%-এর বেশী নয় (লেনদেন পিছু এম ডি আর সীমা ₹ 1000)

5. এম ডি আর -এর যুথবদ্ধতা মুক্ত করার বিষয়ে আমাদের সার্কুলার circulars DPSS.CO.PD.No. 639/02.14.003/2016-17 dated September 1, 2016 এবং বাণিজ্য অধিগ্রহণের জন্য একটি পরিষদ অনুমোদিত নীতি প্রণয়ন বিষয়ে সার্কুলার DPSS.CO.PD.No.2894/02.14.003/2015-2016 dated May 26, 2016 আলোকপাত করা হচ্ছে। পুনরায় উল্লেখ করা হচ্ছে যে ব্যাংকগুলি এবং কার্ডের মাধ্যমে মূল্যপ্রদান ব্যবস্থার পরিচালন করার অনুমোদিত মঞ্চগুলি উপরোক্ত নির্দেশগুলির কঠোর অনুপালন করবে। উপরন্তু, ব্যাংকগুলিকে নিশ্চিত করতে হবে যে বিগিজ্য সংস্থার ক্ষেত্রে ধার্য করা এম ডি আর উপরে নির্দেশিত সর্বোচ্চ হার থেকে বেশী হবে না এই শর্তটি সেই সমস্ত বাণিজ্য সংস্থার জন্যও প্রযোজ্য থাকবে যারা তাদের ব্যবসা ক্ষেত্রে কার্ড গ্রহণ করার মোট পরিকাঠামো নির্মাণ করেছে।

6. ব্যাংকগুলিকে আরও নির্দেশ দেওয়া হচ্ছে যে নথিভুক্ত বাণিজ্যে সংস্থাগুলি ডেবিট কার্ডের মাধ্যমে মূল্য প্রদানের ক্ষেত্রে গ্রাহকদের কোন এম ডি আর চার্জ প্রদান করতে পারবে না।

7. উপরোক্ত নির্দেশগুলি জানুয়ারী 1, 2018 তারিখ থেকে লাগু হবে। এই নির্দেশগুলির উপর পর্যালোচনা করা যাবে।

8. পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট অ্যাক্ট 2007, (2007-এর অ্যাক্ট 51) এর ধারা 10(2) তৎসহ পঠিত ধারা 18 -এর অধীনে এই নির্দেশবিধি জারি করা হল।

আপনার বিশ্বস্ত)

(নন্দা এস দাভে)

মুখ্য মহা প্রবন্ধক